



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

প্যানেল আইনজীবী ও আইন উপদেষ্টা পুণঃ নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)-এর পক্ষে উচ্চ আদালত (সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ), নিম্ন আদালত (দেওয়ানী ও ফৌজদারী), অর্থ ঋণ আদালত, শ্রম আদালতসহ অন্যান্য বিচারিক আদালতে মামলা দায়ের, মামলা প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনা, তদারকি ও আইনগত মতামত প্রদানের জন্য ১৮ (আঠারো) জনের আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠান প্যানেল ও ৫ (পাঁচ) জন আইন উপদেষ্টা নিয়োগের নিমিত্ত আগ্রহী আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে মুখ বন্ধ খামে দরখাস্ত আবেদন করা হচ্ছেঃ

১।	আবেদনকারী আইনজীবীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে।
২।	আবেদনকারীর নাম, গিতা/মাতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, চেম্বারের ঠিকানা, বয়স, নিম্ন ও উচ্চ আদালতে (হাইকোর্ট ও আপীল বিভাগ), মামলা পরিচালনার মেয়াদকাল ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ মুখ বন্ধ খামে আবেদন করতে হবে।
৩।	আবেদন পত্রের সাথে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
৪।	আবেদন পত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিল হতে প্রাপ্ত পেশাগত সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, নিম্ন ও উচ্চ আদালতে (হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ) মামলা পরিচালনার অভিজ্ঞতার প্রমাণকসহ (আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তির সনদ), আপীল বিভাগে সিনিয়র আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তির প্রমাণকসহ (যদি থাকে) সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
৫।	আইনজীবী প্রতিষ্ঠান হিসেবে আবেদন করার ক্ষেত্রে প্রতিষ্ঠানে নিয়োজিত কমপক্ষে ৩ (তিন) জন আইনজীবীর ক্রমিক নং- ২, ৩ ও ৪ এ উল্লিখিত তথ্যসহ আবেদন করতে হবে।
৬।	আবেদনকারী আইনজীবীকে নিম্ন আদালতে ন্যূনতম ১৫ (পনের) বছর ও উচ্চ আদালতে (হাইকোর্ট বিভাগ) ন্যূনতম ৫ (পাঁচ) বছর মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
৭।	মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত মতামত প্রদানের জন্য প্যানেল আইনজীবী/আইনজীবী ফর্ম বিসিআইসি'র অনুমোদিত "সিডিউল অব ফিস" অনুসারে পেশাগত ফি প্রাপ্য হবেন। আইন উপদেষ্টা/আইন উপদেষ্টাগণের ক্ষেত্রে সিডিউল অব ফিসের ক্রমিক নং-১০ অনুসারে ব্যবস্থা গৃহীত হবে।
৮।	প্যানেল আইনজীবী হিসেবে অন্য কোন প্রতিষ্ঠানে নিয়োজিত থাকলে তার প্রমাণকসহ আবেদনপত্রে তা উল্লেখ করতে হবে।
৯।	নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবী/আইন উপদেষ্টার মেয়াদ নিয়োগ প্রাপ্তির পর হতে ৩ (তিন) বছর হবে। তবে কর্তৃপক্ষ উক্ত মেয়াদ হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করে।
১০।	নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠান বাংলাদেশের কোন আদালতে সংস্থার বিরুদ্ধে কোন মামলা পরিচালনাসহ সংস্থার স্বার্থের পরিপন্থী বিষয়ে কাউকে আইনগত পরামর্শ প্রদান করতে পারবেন না।
১১।	অকসরপ্রাপ্ত কোন বিচারপতি/বিচারক যদি বার কাউন্সিলের সনদপ্রাপ্ত হয়ে বর্তমানে আইন পেশায় নিয়োজিত থাকেন তবে তিনিও বর্ণিত শর্ত সাপেক্ষে প্যানেল আইনজীবী পদে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।
১২।	প্যানেল আইনজীবী ও আইন উপদেষ্টা পদের জন্য পৃথকভাবে আবেদন করতে হবে।
১৩।	আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠান প্যানেল আইনজীবী হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে অব্যাহতির অতিপ্রায় ব্যক্ত করে ৩০(ত্রিশ) দিন পূর্বে বিসিআইসিকে নোটিশ প্রদান করতে হবে এবং বিসিআইসিও ৩০(ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদানের মাধ্যমে আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান করতে পারবে।
১৪।	বর্ণিত শর্তানুসারে মুখবন্ধ খামে আবেদনপত্র সরাসরি অথবা ডাক বিভাগ অথবা দেশের প্রচলিত ডাক যোগাযোগ ব্যবস্থায় উর্ধ্বতন মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন (৫ম তলা), ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা-বরাবরে আগামী ০৪ / ০৬ / ২০২৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দপ্তর চলাকালীন সময়ের মধ্যে পৌঁছানো নিশ্চিত করতে হবে।
১৫।	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন অথবা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। আইনজীবী প্যানেল/আইন উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১৬।	অসম্পূর্ণ/বুটীপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৭।	কর্তৃপক্ষ সংস্থার জন্য নিয়োজিতব্য প্যানেল আইনজীবী/আইনজীবী কার্য ও প্যানেল আইন উপদেষ্টার সংখ্যা প্রয়োজনে হ্রাস-বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করে।
১৮।	গত ১০ জানুয়ারি, ২০২৫ দৈনিক ফিন্যান্সিয়াল এক্সপ্রেস, দৈনিক সমকাল ও দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি, এ বিষয়ে ১৩ জানুয়ারি, ২০২৫ উক্ত পত্রিকাসমূহে প্রচারিত সংশোধনী এবং গত ২১ শে ফেব্রুয়ারি, ২০২৫ দৈনিক ইত্তেফাক, দৈনিক আমার দেশ, দৈনিক নয়া দিগন্ত ও দৈনিক ফিন্যান্সিয়াল এক্সপ্রেস পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে যে সকল আবেদনকারী আইনজীবী/আইনজীবী প্রতিষ্ঠান আবেদন করেছেন তাদের পুনরায়/নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

বিসিআইসি-৩৮৪, তাং- ৩০.৪.২৬

২/৩২৩৮

০১/০৫/২৬

ক ২৯৬ (১৬×৪)

শে: শাহজাহান আলিম
মহাব্যবস্থাপক (আইন)
আইন উপ-বিভাগ, বিসিআইসি
ফোন: ০১১১৩৩৫৫৯১০